-১৩৮-

বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)**
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
www.bomd.gov.bd

**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে প্রথম কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আ: খালেক মল্লিক<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ২৭ জুলাই ২০২৩ |
| সভার সময় | দুপুর ২.০০ টা |
| স্থান | খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সভা কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত প্রথম সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার আলোচ্যসূচি নিম্নরূপ :

ক. পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ;

খ. বিএমডির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর প্রথম ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা আছে কিনা তা চিহ্নিতকরণ ও করণীয় নির্ধারণ; এবং

গ. নৈতিকতা কমিটির কার্যপরিধিভূক্ত বিষয়ে আলোচনা

**আলোচ্যসূচি ক : পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ :**
সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব মোসাঃ মাহবুবা খাতুন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং কমিটির সকল সদস্যকে কার্যবিবরণীর কপি সরবরাহ করা হয়। কোন সংশোধনী না থাকায় কমিটির সদস্যগণের সম্মতিতে পূর্ববর্তী সভার (২০২২-২৩ অর্থবছরের চতুর্থ কোয়ার্টারের) কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

**আলোচ্যসূচি খ : বিএমডির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর প্রথম ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা আছে কিনা তা চিহ্নিতকরণ ও করণীয় নির্ধারণ :**

সভায় বিএমডির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর প্রথম ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। প্রথম ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা আছে কি-না সে বিষয়ে বাস্তবায়নকারী কর্মকর্তাদের তথ্য উপস্থাপনের জন্য বলা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় ।

| ক্র.নং | কার্যক্রম | আলোচনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **প্রতিষ্ঠানিক ব্যবস্থা :** | | |
| ১.১ | নৈতিকতা কমিটির সভা আয়োজন; | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ০৪ (চার) কোয়ার্টারে ০৪ টি নৈতিকতা কমিটির সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী অদ্য ২৭ জুলাই ২০২৩ তারিখ প্রথম কোয়ার্টারের সভা আয়োজন করা হয়েছে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ১.২ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভার গৃহীত সিদ্ধান্ত ১০০% বাস্তবায়ন করার লক্ষ্যমাত্রা রয়েছে। যা নির্ধারিত সময়ের মধ্যে অর্জন করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১.৩ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ০৪ (চার) কোয়ার্টারে ০৪ টি সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। ৩০ সেপ্টেম্বর, ২০২৩-এর মধ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে প্রথম সভা আয়োজন করতে হবে। প্রথম সভাটি বিএমডির নাগরিক সেবা গ্রহণকারী ইজারাদারদের নিয়ে সেপ্টেম্বর, ২০২৩ মাসে করা যেতে পারে। | পরিচালক |
| ১.৪ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী দ্বিতীয় কোয়ার্টারে শুদ্ধাচার সংক্রান্ত ০১ টি প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা আছে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ১.৫ | ১.৫.১ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি | কর্ম-পরিবেশ উন্নয়নের অংশ হিসাবে বছরব্যাপী ০৪ টি কার্যক্রম বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে। প্রথম কোয়ার্টারে অর্থাৎ ৩০ সেপ্টেম্বর, ২০২৩-এর মধ্যে পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধির কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।<br>বিএমডির কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারীর সমন্বয়ে একটি টিম গঠন করা যেতে পারে। পরিচ্ছন্নতাকর্মী প্রতিদিন টয়লেটসমূহ পরিষ্কার করবে এবং রেজিস্টারে স্বাক্ষর করবে। টিমের কাজ হবে নিয়মিত অফিস আঙ্গিনা এবং প্রতিদিন টয়লেটসমূহ পরিদর্শন করে নির্ধারিত পরিদর্শন ছকে মন্তব্যসহ স্বাক্ষর করা। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| ২.১ | ২.১ ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ৩১-০৭-২০২৩ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করার লক্ষ্যমাত্রা আছে। যা ইতোমধ্যে অর্থাৎ ২৫-০৭-২০২৩ তারিখে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। | ক্রয়/সংগ্রহণ কর্মকর্তা |
| ২.২ | অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব বাজেটের) -এর লক্ষ্যে ইতোমধ্যে বিভিন্ন ক্রয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। | ক্রয়/সংগ্রহণ কর্মকর্তা |
| ২.৩ | রাজস্ব বাজেট বাস্তবায়ন | বিএমডির ২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব বাজেটে বরাদ্দ রয়েছে ২ কোটি ৭২ লক্ষ ৭৮ হাজার টাকা। যার ১০% প্রথম কোয়ার্টারে বাস্তবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | **শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম :** | | |
| ৩.১ | সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ; | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ অনুযায়ী সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। বিধি মোতাবেক ব্যবহার হচ্ছে কিনা সে সম্পর্কে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে এবং তা দপ্তর প্রধানকে প্রতিস্বাক্ষর করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৩.২ | অবৈধভাবে উত্তোলিত খনিজ সম্পদ জব্দপূর্বক উন্মুক্ত নিলামের মাধ্যমে বিক্রয়করণ | বিভিন্ন গেজেটভুক্ত কোয়ারিতে মাঝেমধ্যে অবৈধভাবে খনিজ সম্পদ উত্তোলিত হয় যা স্থানীয় প্রশাসনের সহায়তায় জব্দ করা হয় এবং বিএমডির প্রতিনিধির উপস্থিতিতে উন্মুক্ত নিলামের মাধ্যমে বিক্রয় করে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৩.৩ | খনি হতে খনিজ সম্পদ উত্তোলন/আহরণ কার্যক্রম মনিটরিং | খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২-এর বিধি ৬৭ (১) অনুযায়ী ইজারা গ্রহীতা খনি এলাকায় উত্তোলিত, স্থানান্তরকৃত, রপ্তানীকৃত এবং পরীক্ষা ও উন্নয়নের জন্য অপসারণকৃত খনিজের পরিমাণ ও বিবরণ, নিয়োগকৃত জনবলের সংখ্যা এবং পূর্ণাঙ্গ খনি উন্নয়ন পরিকল্পনা সম্বলিত সঠিক হিসাব সংরক্ষণ এবং বিএমডি কর্তৃক এইরূপ হিসাব ও পরিকল্পনা যাচাই করার বিধান রয়েছে। তৎপ্রেক্ষিতে বড়পুকুরিয়া কোল | |

| | | | |
|---|---|---|---|
| | | মাইনিং কোম্পানি লি. (বিসিএমসিএল) এর অনুকূলে দিনাজপুর জেলাধীন পার্বতীপুর, ফুলবাড়ী এবং নবাবগঞ্জ উপজেলার ১০৫০ (এক হাজার পঞ্চাশ) হেক্টর জমি হতে কয়লা উত্তোলন এবং মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানি লিমিটেড (এমজিএমসিএল)-এর অনুকূলে দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলাধীন মধ্যপাড়া কঠিন শিলা খনির ৫৪০০ (পাঁচ হাজার চারশত) হেক্টর এলাকায় খনি কার্যক্রম নিয়মিত সরেজমিন পরিদর্শন করা হয়। | |
| ৩.৪ | বেআইনী/অবৈধভাবে খনিজ সম্পদ উত্তোলন বন্ধে কোয়ারি এলাকায় স্থানীয় পত্রিকায় গণবিজ্ঞপ্তি জারি | দেশের গুরুত্বপূর্ণ খনিজ সম্পদের সুষ্ঠু ব্যবহার ও ব্যবস্থাপনার স্বার্থে অবৈধ উত্তোলন, আহরণ, পরিবহণ ও বিক্রয় করা থেকে সম্পূর্ণ বিরত থাকার জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ জানিয়ে জাতীয় পত্রিকায় অথবা কোয়ারি এলাকার স্থানীয় পত্রিকায় গণবিজ্ঞপ্তি জারি করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৩.৫ | ৩.৫ লাইসেন্স/ইজারার মেয়াদ শেষে স্বউদ্যোগে লাইসেন্স/ইজারাগ্রহীতার নিরাপত্তা জামানতের চেক ফেরত প্রদান | বিএমডির নাগরিক সেবা সহজীকরণের অংশ হিসাবে অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারার মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর লাইসেন্স/ইজারাগ্রহীতাগণের নিরাপত্তা জামানতের অর্থ স্ব-উদ্যোগেফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>নীলফামারী জেলার ডিমলা উপজেলাধীন দক্ষিণ গয়াবাড়ী, কাকিনা-চাপানী, উত্তর খড়িবাড়ী , ঝড়সিংহেশ্বর, দোহলপাড়া, ও কিসমত ছাতনাই মৌজায় ব্যক্তি মালিকানাধীন জমি হতে নুড়ি পাথর উত্তোলনের জন্য ৩৯ (উনচল্লিশ) জন ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুসরণপূর্বক জুলাই-আগস্ট/২০১৫ সাল হতে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য কোয়ারি ইজারা মঞ্জুরি প্রদান করা হয়। যার মেয়াদ জুলাই-আগস্ট/২০১৭ সালে উত্তীর্ণ হয়েছে।<br>মামলা বিচারাধীন থাকার কারণে এতদিন নিরাপত্তা জামানত বাবদ টাকা ফেরত প্রদানের আবেদন করেননি। বর্তমানে ইজারা গ্রহীতাগণ নিরাপত্তা জামানতের অর্থ ফেরত নিতে আগ্রহী। সুতরাং নিরাপত্তা জামানতের অর্থ তাদের আবেদনের প্রেক্ষিতে নিজ নিজ নামে আকাউন্ট পে-চেকের মাধ্যমে ডাকযোগে প্রেরণ করতে হবে। | |

**আলোচ্যসূচি-গ. নৈতিকতা কমিটির কার্যপরিধিভূক্ত বিষয়ে আলোচনা**

এ পর্যায়ে বিএমডির নৈতিকতা কমিটির কার্যপরিধিভুক্ত বিষয়ে আলোচনার জন্য কমিটির গঠন ও কর্মপরিধি উপস্থাপন করা হয়। কার্যপরিধিতে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে ব্যুরোর অর্জিত সাফল্য এবং সেবা প্রদানে কোন প্রতিবন্ধকতা থাকলে সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হতে পারে এবং প্রতিবন্ধকতা দূরীকরণে বিএমডি কি ব্যবস্থা নিতে পারে সে বিষয়ে আলোচনা হতে পারে মর্মে জানানো হয়। এ পর্যায়ে বিএমডির পরিচালক বলেন, জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ অনুযায়ী শুদ্ধাচার চর্চায় অবদান রাখার স্বীকৃতিস্বরূপ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানদের মধ্য হতে মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোকে ২০২২-২৩ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়। উপপরিচালক জনাব মামুনুর রশীদ বলেন, বিএমডি যেহেতু নাগরিক সেবা প্রদান করে সেহেতু অত্র দপ্তরে আগত সেবা গ্রহীতাদের সাথে বিএমডির কর্মকর্তা/কর্মচারীদের আচরণ সন্তোষজনক হচ্ছে কিনা সে বিষয়ে মনিটরিং করা প্রয়োজন। মহাপরিচালক মহোদয় বিএমডির সেবা গ্রহণ করতে এসে কোন সেবা গ্রহীতা যেন অসন্তুষ্ট এবং হয়রানির শিকার না হয় সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার নির্দেশনা প্রদান করেন। তিনি কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণে সেবাগ্রহীতাদের সাথে আচরণ ও দায়িত্ব কর্তব্যের বিষয়টি অর্তভুক্ত করার জন্য বলেন।

-১৪১-

**প্রথম কোয়ার্টারের সভায় গৃহীত সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | ২৫ সেপ্টেম্বর, ২০২৩-এর মধ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে প্রথম সভা আয়োজন করতে হবে। | পরিচালক এবং ফোকাল পয়েন্ট |
| ২. | ক) পরিচ্ছন্নতাকর্মীকে প্রতিদিন টয়লেটসমূহ পরিষ্কার করে রেজিস্টারে স্বাক্ষর করতে হবে। বিএমডির কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে গঠিত কমিটি নিয়মিত অফিস আঙ্গিনা এবং প্রতিদিন টয়লেটসমূহ পরিদর্শন করে নির্ধারিত পরিদর্শন ছকে মন্তব্যসহ স্বাক্ষর করবে। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| ৩. | খনি হতে খনিজ সম্পদ উত্তোলন/আহরণ, স্থানান্তর , হিসাব সংরক্ষণ ইত্যাদি কার্যক্রম মনিটরিং করার লক্ষ্যে একটি মনিটরিং টিম বড়পুকুরিয়া কয়লা খনি এবং মধ্যপাড়া কঠিন শিলা খনিতে সেপ্টেম্বর মাসে প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৪. | নীলফামারী জেলার ইজারা গ্রহীতাদের নিরাপত্তা জামানতের অর্থ তাদের আবেদনের প্রেক্ষিতে নিজ নিজ নামে আকাউন্ট পে-চেকের মাধ্যমে ডাকযোগে প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

১০/০৮/২৩

(মোঃ আঃ খালেক মল্লিক)
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ও
আহ্বায়ক, নৈতিকতা কমিটি

স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.৩৬.০০১.১৩(অংশ-৪). ৬৪৬

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩০ / ১০ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক, পরিচালক-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
২) উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
৩) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৪) উপপরিচালক (খনি ও খনিজ)(চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৫) সহকারী পরিচালক (ভূ-রসায়ন),খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৬) অফিস কপি।

১০/০৮/২০২৩
মোসাঃ মাহবুবা খাতুন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)